



নং- ৩৬.০০.০০০০.০৬৭.৯৯.০২০.১৬(খন্ড-১)-৯৫

তারিখ : ৮ বৈশাখ, ১৪২৭
২১ এপ্রিল, ২০২০

বিষয় : করোনা ভাইরাস সংক্রমণের কারণে অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও কুটির এবং মাঝারি শিল্পখাত এবং শিল্প মন্ত্রণালয়ের অধীন শিল্প কারখানাসমূহের অর্থনৈতিক ক্ষতি মোকাবেলায় সহযোগিতা প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বর্তমান করোনা ভাইরাসজনিত কারণে সারা দেশের অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাইক্রো এবং মাঝারি শিল্পসমূহের সিংহভাগ বন্ধ রয়েছে। ফলে এ সকল শিল্পের সাথে জড়িত শিল্প মালিক/উদ্যোক্তা, শিল্পে নিয়োজিত শ্রমিক এবং এ সকল শিল্পের সাপ্লাই চেইনের সাথে জড়িত ব্যবসায়ীগণ বর্তমানে অর্থনৈতিক সমস্যায় পড়েছেন। আমাদের অর্থনীতির মূল চালিকা শক্তি এসএমই খাতকে অবশ্যই আমাদের সঠিক পথে পরিচালিত করতে হবে। এ লক্ষ্যে এসএমই খাত সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠান বিসিক ও এসএমই ফাউন্ডেশন এবং সংশ্লিষ্ট বেসরকারি ব্যবসায়ী সংগঠন বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি (বিসিআই), বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি (বিইআইওএ) ও জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব) এর নিকট থেকে বর্তমান পরিস্থিতিতে অর্থনৈতিক ক্ষতি মোকাবেলায় করণীয় বিষয়ে সুপারিশ/প্রস্তাব সংগ্রহ করা হয়। অপর দিকে শিল্প মন্ত্রণালয়ের অধীন তিনটি সংস্থা বিসিআইসি, বিএসইসি ও বিএসএফআইসি'র নিকট থেকে তাদের নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠান বিষয়ে করণীয় সম্পর্কে সুপারিশ/প্রস্তাব সংগ্রহ করা হয়।

২। সংগৃহীত সুপারিশ/প্রস্তাবন পর্যালোচনা করে শিল্প মন্ত্রণালয় সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তর কর্তৃক সহযোগিতা প্রদানের জন্য সুপারিশমালা/প্রস্তাবনা তৈরি করে। আপনার সংস্থা-সংশ্লিষ্ট সুপারিশ নিম্নরূপ :

- মাইক্রো, ক্ষুদ্র ও কুটির শিল্পের আমদানিকৃত কাঁচামালের উপর প্রদেয় আমদানি শুল্ক যৌক্তিকভাবে হ্রাস করা।

৩। বর্ণিতাবস্থায়, বাংলাদেশের অর্থনীতির মূল চালিকা শক্তি ও অত্যন্ত শ্রমনির্ভর অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও কুটির এবং মাঝারি শিল্পের জন্য প্রণীত সুপারিশ/প্রস্তাব বিবেচনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১/০৪/২০২০

(মোঃ মাকসুদুর রহমান)

সহকারী সচিব

মোবাইল : ০১৯৭৪৮৫৮৮০৭

চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুন বাগিচা, ঢাকা-১০০০

অনুলিপি :

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ২। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। চেয়ারম্যান, বিসিক, ঢাকা
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন, ঢাকা
- ৫। মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- ৬। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- ৭। সচিব এর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- ৮। সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- ৯। সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি (বিসিআই), ঢাকা
- ১০। সভাপতি, বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি (বিইআইওএ), ঢাকা
- ১১। সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব), ঢাকা।